

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
হেড অফিস, ঢাকা

বিষয়ঃ বিডিবিএল ইনোভেশন টিমের উদ্ভাবিত ধারণার সংক্ষিপ্ত বিবরণী।

বিষয়	প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম)	বাস্তবায়নকাল		দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে)	পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড)
		শুরুর তারিখ	সমাপ্তির তারিখ			
Banking at Home	Finger Banking System	০১ জুলাই, ২০১৬	৩০ জুন, ২০১৭	জনাব মোঃ হাবিব উল্যা মিলন, সিনিয়র অফিসার	Finger Banking System - টি বাস্তবায়িত হলে গ্রাহক ব্যাংকে না এসেও ঘরে বসে বা যেকোন স্থানে থেকে, যে কোন সময়ে, যেকোন ধরনের ব্যাংক হিসাব খুলতে ও লেনদেন করতে পারবে।	Finger Banking System - এর মাধ্যমে সুবিধা ভোগকারী গ্রাহক সংখ্যা

কার্যপদ্ধতিঃ

উক্ত সিস্টেমটি বাস্তবায়নের জন্য একটি Finger Banking Mobile Application (Mobile SIM Registration এর মত) লাগবে। উক্ত Mobile Application -এ Log In করে গ্রাহক তার National ID Card এর No. Input দিয়ে Upload করবে। System - টি বাংলাদেশ নির্বাচন কমিশন এর Database এর সাথে Link করা থাকবে। বাংলাদেশ নির্বাচন কমিশন এর Database থেকে গ্রাহকের প্রয়োজনীয় সকল তথ্য উক্ত সিস্টেমটি Automatic Sync. করে নিবে। অতঃপর গ্রাহক তার বর্তমান পেশা ও মাসিক মোট আয় (যার ভিত্তিতে উক্ত সিস্টেম গ্রাহকের যৌক্তিকভাবে Automatic TP তৈরী করবে) এবং যে ধরনের ব্যাংক হিসাব (যেমন ব্যক্তিক/অ-ব্যক্তিক, চলতি/সঞ্চয়ী হিসাব ইত্যাদি) খুলতে চায় সে Option Select করবে। এছাড়া সংযুক্তি হিসেবে প্রয়োজনীয় কাগজপত্রের (যেমন- National ID Card, Employee ID Card, Trade License, Photograph etc.) স্ক্যান করা/মোবাইল ফোনে তোলা ছবি Upload করবে। সর্বশেষে গ্রাহক তার Signature এর পরিবর্তে Finger Print দিয়ে (Mobile SIM Registration এর মত) Upload করবে। অতঃপর উক্ত সিস্টেমটি সকল তথ্য স্বয়ংক্রিয়ভাবে যাচাই করে সঠিক পেনে গ্রাহককে message/e-mail এর মাধ্যমে একটি Password ও Security PIN Code সহ ব্যাংক হিসাব খোলার Confirmation Letter পাঠাবে।

লেনদেন প্রক্রিয়াঃ

Finger Banking System এর মাধ্যমে লেনদেনের জন্য কোন চেক বই/কাণ্ডজে বই এর প্রয়োজন হবে না। লেনদেন করার জন্য গ্রাহক উক্ত Mobile Application -এ নির্ধারিত Password দিয়ে Log In করবে। অতঃপর গ্রাহক কর্তৃক Withdraw/Deposit Option Select করে নির্ধারিত ঘরে শুধুমাত্র টাকার অঙ্ক বসিয়ে (within TP limit) Signature এর পরিবর্তে Finger Print দিয়ে Send করবে। ব্যাংক এর CBS থেকে একটি Confirmation Message গ্রাহকের Mobile Application -এ যাবে এবং Reconfirmation এর জন্য Security PIN Code দিয়ে Send করলে লেনদেন Automatic সম্পন্ন হবে। এছাড়া, গ্রাহক স্বশরীরে টাকা উত্তোলনের/জমা করার জন্য না গিয়ে যদি Bearer - কে পাঠায় সেক্ষেত্রে গ্রাহক Withdraw/Deposit Option Select করে নির্ধারিত ঘরে শুধুমাত্র টাকার অঙ্ক বসিয়ে (within TP limit) Signature এর পরিবর্তে নিজের এবং Bearer উভয়ের আলাদাভাবে Finger Print এবং Bearer এর National ID Card এর No. Input দিয়ে Send করবে। Bearer ব্যাংক এর কাউন্টারে গিয়ে নিজের National ID Card এর Photocopy জমা দিবে এবং পুনরায় কাউন্টারে Finger Print Machine - এ নিজের Finger Print দিবে। সবশেষে মূল গ্রাহকের ও Bearer এর সকল তথ্য স্বয়ংক্রিয়ভাবে যাচাইপূর্বক ব্যাংক এর CBS থেকে একটি Confirmation Message মূল গ্রাহকের Mobile Application -এ যাবে এবং Reconfirmation এর জন্য Security PIN Code দিয়ে Send করলে লেনদেন Automatic সম্পন্ন হবে।

ঝুঁকিঃ

Finger Banking System এর মাধ্যমে ব্যাংক হিসাব খোলা ও লেনদেন সম্পূর্ণভাবে নিরাপদ ও ঝুঁকিমুক্ত। এতে Money Laundering সংগঠিত হওয়ারও কোন সুযোগ নেই। কারণ উক্ত সিস্টেমটি সংশ্লিষ্ট গ্রাহকের প্রয়োজনীয় সকল তথ্য ও ছবি বাংলাদেশ নির্বাচন কমিশন এর Database থেকে সংগ্রহপূর্বক স্বয়ংক্রিয়ভাবে যাচাই করবে, যা গ্রাহক কর্তৃক Manipulate করার কোন সুযোগ নেই। এছাড়া, লেনদেন করার সময় তিন স্তর বিশিষ্ট নিরাপত্তা ব্যবস্থা (Password, Security PIN Code এবং Finger Print) রয়েছে, ফলশ্রুতিতে এ সিস্টেমে অন্যকারো দ্বারা Account Hack/Fund Divert করা সম্ভব হবে না।

সুফল/উপকারিতাঃ

উক্ত সিস্টেমটি বাস্তবায়িত হলে খুব সহজে, স্বল্প সময়ে ও স্বল্প ব্যয়ে সম্পূর্ণভাবে নিরাপদ ও ঝুঁকিমুক্ত ব্যাংকিং করা যাবে। এতে Money Circulation ত্বরান্বিত হবে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ব্যাপকভাবে বৃদ্ধি পাবে।